RP-Sanjiv Goenka Group
Growing Legacies

CESC LIMITED



# বিদ্যুৎ গ্রাহকদের জন্য নিরাপত্তা পরামর্শ

প্রিয় গ্রাহক,

আপনার সুবিধার জন্যে, গ্রাহকদের যথাযথ বিবেচনা এবং সম্মতি প্রয়োজন, এমন কিছু নিরাপত্তার দিকগুলি নিচে দেওয়া হল:

১. লোড বৃদ্ধির কারণে শর্ট সার্কিট, ওভারলোডিং এবং বিদ্যুৎ লিকেজ এড়াতে আপনার প্রাঙ্গনে ইন্টারনাল ওয়্যারিংগুলির পর্যায়ক্রমিক পরীক্ষা, পরিদর্শন এবং আপগ্রেডিং (প্রতি ৫ বছর অন্তরে) করুন। এটি একজন বৈদ্যুতিক পরিদর্শক বা অনুমোদিত সরবরাহকারী/লাইসেন্সপ্রাপ্ত বৈদ্যুতিক ঠিকাদার দ্বারা করা যেতে পারে। এটি CEA সুরক্ষা বিধি ২০২৩ এর অধীনে বাধ্যতামূলক।

২. আর্থ লিকেজ থেকে বৈদ্যুতিক শক প্রতিরোধের জন্য আর্থ লিকেজ সার্কিট ব্রেকার্স (ELCB) এবং রেসিডুয়াল কারেন্ট সার্কিট ব্রেকার্স (RCCB) এর মতো উপযুক্ত সুরক্ষা সরঞ্জাম ইনস্টল করুন, সেইসাথে আপনার প্রাঙ্গণের তারে ওভারলোডিং এবং শর্ট সার্কিট প্রতিরোধের জন্য MCB ইনস্টল করুন।

৩. নিশ্চিত করুন যে বাড়ি এবং ঘর নির্মাণ,প্রচলিত নিয়ম এবং বিল্ডিং উপ-আইন মেনে চলছে, বিদ্যমান হাই টেনশন/লো টেনশন লাইন এবং অন্যান্য বৈদ্যুতিক ইনস্টলেশন থেকে নির্দিষ্ট দূরত্ব এবং ছাড়পত্র বজায় রাখছে। বিদ্যুৎ এবং মিটার ইনস্টলেশনের কাছাকাছি জল জমা রোধ করার জন্য যত্ন নিন। আপনার বাড়ির বৈদ্যুতিক উপকরণগুলি সঠিকভাবে সাপ্লাই পয়েন্টএর সাথে যাতে যুক্ত থাকে ও ঠিকভাবে আর্থড থাকে, সেই ব্যাপারে সতর্ক থাকুন

৪. বহুতল আবাসন মালিক এবং বাসিন্দাদের নিশ্চিত করা উচিত যে আবাসনের ভিতরে বৈদ্যুতিক ইনস্টলেশন গুলি (যেমন, লিফট, ও অন্যান্য যন্ত্রপাতি )এমনভাবে পরিচালিত এবং রক্ষণাবেক্ষণ করা হচ্ছে যাতে শক এবং আগুনের ঝুঁকি থেকে রক্ষা পাওয়া যায়। তারের অস্থায়ী সংযোগ এড়িয়ে চলুন এবং সঠিক আকারের প্লাগ এবং সকেট সহ এক্সটেনশন কর্ড ব্যবহার করুন।

৫. অগ্নিকাণ্ডের সময় আত্মরক্ষার স্বার্থে পালানোর পথে বাধা রোধ করতে বৈদ্যুতিক ইনস্টলেশনের কাছে যানবাহন পার্কিং বা, গ্যাস সিলিন্ডার, জ্বালানি ট্যাঙ্ক এবং দাহ্য পদার্থ জমা করা এড়িয়ে চলুন। মিটারগুলি নিচতলায় একটি ভাল বায়ুচলাচল যুক্ত ও পর্যাপ্ত আলোকিত স্থানে স্থাপন করা উচিত।

৬. বিদ্যুৎ আইন, ২০০৩ এবং এর অধীনে প্রণীত বিধি ও বিধিমালার বিধান না মানার ফলে আপনার প্রাঙ্গনে বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হতে পারে।

৭. গিজার, রুম হিটার, পাম্প ইত্যাদির মতো বৈদ্যুতিক যন্ত্রপাতি দীর্ঘ সময় ধরে চালানো এড়িয়ে চলুন। রাতের বেলা অপ্রয়োজনীয়ভাবে এগুলো চালু রাখবেন না। বাড়ি থেকে বেরোনোর আগে বা রাতে ঘুমাতে যাওয়ার আগে এগুলো বন্ধ করে দিতে ভুলবেন না কারণ এই যন্ত্রপাতিগুলি অতিরিক্ত গরম হলে বৈদ্যুতিক আগুন লাগতে পারে।

৮. যেকোনও শর্ট সার্কিট/স্ফুলিঙ্গ এড়াতে নিয়মিত এয়ার কন্ডিশনারের সার্ভিসিং করান।

৯. যেকোনও বৈদ্যুতিক বা অগ্নিকাণ্ডের দুর্ঘটনা এড়াতে বাড়ি থেকে বেরোনোর আগে এবং রাতে ঘুমাতে যাওয়ার আগে দয়া করে নিশ্চিত করুন যে আপনার গ্যাস সিলিন্ডার লাইনের রেগুলেটর বন্ধ আছে।

১০. যেকোনো বৈদ্যুতিক অগ্নিকাণ্ড এড়াতে আপনার বৈদ্যুতিক যানবাহন অতিরিক্ত চার্জ করবেন না।

১১. রাস্তায় বৈদ্যুতিক স্থাপনার কাছে আবর্জনা, শুকনো পাতা ইত্যাদি ফেলবেন না। এর ফলে আগুন লাগতে পারে।

১২. আগুন লাগার ঘটনা এড়াতে বাড়ি থেকে বেরোনোর আগে প্রদীপ, মোমবাতি, ধূপের শিখা নিভিয়ে দিন।

১৩. আপনার বাড়িতে ISI সার্টিফাইড যন্ত্রপাতি এবং স্ট্যান্ডার্ড রেটেড তারের মতো বৈদ্যুতিক উপকরণ ব্যবহার করুন।

১৪. বৈদ্যুতিক আগুন লাগলে, অবিলম্বে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে বালি, কার্বন-ডাই-অক্সাইড বা শুকনো পাউডার নির্বাপক যন্ত্র ব্যবহার করে তা নিভিয়ে দিন। জল ব্যবহার করবেন না।

১৫. বৈদ্যুতিক অগ্নিকাণ্ডের ক্ষেত্রে, অর্থাৎ বৈদ্যুতিক স্থাপনা থেকে আগুন লাগলে, মেইন সুইচটি বন্ধ করে দিন। CESC-কে জানান

(হেল্পলাইন নম্বর- 1912, 033 3501 1912, 033 4403 1912, 1860 500 1912)

আমাদের গ্রাহকদের নিরাপত্তা আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার। এটি নিশ্চিত করার জন্য, আমরা আপনার সহায়তা এবং সহযোগিতা কামনা করছি। যদি আপনি কোনও CESC বৈদ্যুতিক ইনস্টলেশন কে অনিরাপদ অবস্থায় পান, তাহলে আমাদের হেল্পলাইন নম্বরে যোগাযোগ করুন।

টিম CESC